



**NYC জাতিগত ন্যায় বিচার কমিশন**  
**জাতিগত ন্যায় বিচার পাবলিক ইনপুট অধিবেশনের জন্য NYC**  
**বৃহস্পতিবার, ৯ সেপ্টেম্বর, ২০২১, বিকেল**  
**৫:০০ টায়**

### **পাবলিক ইনপুট অধিবেশনের বিজ্ঞপ্তি**

নিউইয়র্ক সিটি জাতিগত ন্যায়বিচার কমিশন জাতিগত সাম্য অর্জনের জন্য NYC সনদে কাঠামোগত পরিবর্তন নিয়ে ডাউনটাউন ম্যানহাটনে একটি পাবলিক ইনপুট অধিবেশনের আয়োজন করবে। জনসাধারণের জন্য বৃহস্পতিবার, ৯ সেপ্টেম্বর, ২০২১, বিকেল ৫:০০ টায় প্রবেশদ্বার উন্মুক্ত করা হবে।

ইনপুট অধিবেশনটি সশরীরে অনুষ্ঠিত হবে:

বৃহস্পতিবার, ৯ সেপ্টেম্বর  
বিকেল ৫:০০ টা থেকে ৮:০০ টা পর্যন্ত  
(৫:০০ টায় সাইন-আপ শুরু হবে, অধিবেশন ঠিক বিকেল ৫:৩০ টায় শুরু হবে)

### **ঠিকানা:**

Hamilton-Madison House  
50 Madison St  
NY, NY, 10038

*\*মূল প্রবেশদ্বারে র‍্যাম্প রয়েছে*

আপনি এই লিংকে অগ্রিম উপস্থিতির জন্য নিবন্ধন করতে পারেন: [bit.ly/RacialJustice-InputSession](https://bit.ly/RacialJustice-InputSession)। নিবন্ধন আবশ্যিক নয়, তবে এটি যথেষ্ট পরিমাণে শারীরিক দূরত্ব প্রদানে সহায়তা করে।

অনুগ্রহ করে মনে রাখবেন যে প্রবেশের পরে, সভায় উপস্থিত সকলকে অবশ্যই একটি তাপমাত্রা পরীক্ষা করাতে হবে এবং একটি স্বাস্থ্য পরীক্ষাও করাতে হতে পারে। ভিতরে সমস্ত অংশগ্রহণকারীকে শারীরিক দূরত্ব পালন করতে হবে এবং দুই বছরের বেশি বয়সের যারা উপস্থিত হবে, যদি তারা মাস্ক পরতে সক্ষম হয়, তাদের টিকাদানের অবস্থা নির্বিশেষে মাস্ক পরতে হবে।

শারীরিক দূরত্ব বজায় রাখার জন্য, সভাকক্ষটির ধারণ ক্ষমতা ৭৭ জনের মধ্যে সীমাবদ্ধ রাখা হয়েছে। প্রয়োজনে আরো ২০ জন লোকের সংস্থান করার মত একটি ওভারফ্লো-রুমও পাওয়া যাবে।

### **অনুগ্রহ করে সশরীরে উপস্থিত হবেন না যদি:**

- আপনি গত ১০ দিনের মধ্যে COVID-19 এর কোনও উপসর্গ বোধ করেন (১০০.০ ডিগ্রি ফারেনহাইট বা তার বেশি জ্বর, নতুন কাশি, স্বাদ বা গন্ধ না পাওয়া, বা শ্বাসকষ্ট থাকা)।
- আপনার গত ১০ দিনের মধ্যে COVID-19 ধরা পড়লে।
- গত ১০ দিনের মধ্যে আপনি এমন কারোর ঘনিষ্ঠ সংস্পর্শে (২৪ ঘণ্টা সময়ে কমপক্ষে ১০ মিনিটের জন্য ৬ ফুটের কাছাকাছি) এসেছিলেন যার COVID-19 ছিল এবং CDC নির্দেশনা অনুযায়ী আপনার নিভৃতবাসে (কোয়ারেন্টিন) থাকা প্রয়োজন (গত ৩ মাসের মধ্যে আপনার

**সাধারণ জনগণ অধিবেশনটি দূরবর্তী-ভাবে দেখতে বা শুনতে পারেন:**

- [on.nyc.gov/racialjusticepublicinput](https://on.nyc.gov/racialjusticepublicinput) তে লাইভ-স্ট্রিমের মাধ্যমে
- নিম্নোক্ত মাধ্যমে ইনপুট অধিবেশনটি শুনতে ফোনে ডায়াল করুন:

○ **ইংরেজি**

- **অডিওকনফারেন্স:** +1 646 558 8656
- **ওয়েবিনারআই.ডি:** 835 1151 7718

নিউইয়র্ক সিটি চার্টারে (New York City Charter) সিটি প্রশাসনের কাঠামো এবং সিটির নির্বাচিত কর্মকর্তা ও এজেন্সিগুলির মূল ক্ষমতা বিবৃত রয়েছে। জাতিগত ন্যায়বিচার কমিশনকে একটি চার্টার সংশোধন কমিশনের কর্তৃত্বসহ ক্ষমতা প্রদান করা হয়েছে। এটি একটি অস্থায়ী কমিশন যা পুরো চার্টারটি পর্যালোচনা করতে পারে এবং যেকোনো প্রস্তাবকে সংশোধনের জন্য ভোটারদের সামনে উপস্থাপন করে। জাতিগত ন্যায়বিচার কমিশনকে অন্যান্য প্রস্তাবিত নীতি ও কর্মসূচি-গত পরিবর্তনগুলি ও সুপারিশ করার জন্য ক্ষমতা প্রদান করা হয়েছে, যেগুলি তার সংশোধনের প্রস্তাবগুলিতে অন্তর্ভুক্ত নয়।

**মিশন বিবৃতি:** একটি চার্টার সংশোধন কমিশনের (Charter Revision Commission) আইনি কর্তৃত্বসহ ক্ষমতাপ্রাপ্ত জাতিগত ন্যায়বিচার কমিশন কাঠামোগত পরিবর্তন ও উল্লেখযোগ্য নীতিগতসংস্কারগুলিকে সনাক্ত করার জন্য ইতিহাসে এই মুহূর্তটির রূপান্তরকারী সম্ভাবনাকে কাজে লাগাবে, যা জাতিগত ন্যায়বিচার ও সাম্যকে এগিয়ে নিবে এবং সকল নিউইয়র্কবাসীর জন্য কাঠামোগত জাতিবাদকে ভেঙে ফেলা শুরু করবে। একটি ন্যায্য, ন্যায়সঙ্গত ও পক্ষপাতশূন্য নিউইয়র্ক সিটি গড়ে তোলার লক্ষ্যে সামনের পথটিকে রূপ দেওয়ার জন্য, কমিশনটি একটি কঠোর, কমিউনিটি-অবহিত, এবং ডেটা-চালিত নির্দেশনা প্রস্তুত করতে চেষ্টা করবে। নিউইয়র্ক সিটি চার্টারের মাধ্যমে কোন বিষয়গুলিকে অনন্যভাবে উদ্দেশ্য করা যায় তার ও পরে মনোযোগ দেওয়ার পাশাপাশি কমিশনটি অসাম্যের মূল কারণগুলিকে উদ্দেশ্য করার জন্য স্টেট ও ফেডারাল স্তরের পরিবর্তনগুলিরও পরে, এবং এমনকি বেসরকারি কোম্পানিগুলিকে যা করতে হবে তারও পরে সুপারিশমালা ও অন্তর্ভুক্ত করতে পারে।

**এই সভা জনসাধারণের জন্য উন্মুক্ত এবং কমিশনের সদস্যদের সামনে জনসাধারণ সাক্ষ্য দেওয়ার সুযোগ পাবে।** যেকোনো ব্যক্তি কোনও দল, সংস্থা বা প্রতিষ্ঠানের পক্ষে একক মনোনীত প্রতিনিধিসহ তিন (৩) মিনিট পর্যন্ত সাক্ষ্য দিতে পারেন। পাঁচটি বোরোর যেকোনো একটি থেকে নিউইয়র্কবাসী সাক্ষ্য দিতে পারেন। যারা এই শুনানিতে কথা বলতে স্বাক্ষর করবেন তাদের প্রত্যেককে উপযুক্তভাবে সংকুলান করার জন্য আমরা যথাসাধ্য চেষ্টা করব, তবে যদি সময় না থাকে তবে ভার্চুয়ালি বা ব্যক্তিগতভাবে কমিশনের পরবর্তী পাবলিক ইনপুট অধিবেশনগুলির একটিতে সাক্ষ্য দেওয়ার অন্যান্য সুযোগ প্রদান করব।

**সভাটি পর্যবেক্ষণ করার জন্য আমার কোন সহায়তা প্রয়োজন হলে কী হবে?**

আমেরিকান সাইন ল্যাঙ্গুয়েজ, ক্যান্টনিজ, ম্যান্ডারিন ও এবং স্প্যানিশ ভাষায় অন-সাইট ভাষান্তর পরিষেবা প্রদান করা হবে। অনুগ্রহ করে ৬ সেপ্টেম্বর, ২০২১ সকাল ১০:০০ টার মধ্যে কমিশনকে [requests@charter.nyc.gov](mailto:requests@charter.nyc.gov)-এ ইমেল করে অথবা (718) 354-2718 নম্বরে কল করে এবং একটি ভয়েসমেল পাঠিয়ে ভাষান্তর ও/বা অন্যান্য অভিজ্ঞতা সংক্রান্ত অনুরোধগুলি করুন। সমস্ত অনুরোধ যথাসম্ভব গ্রহণ করা হবে।